

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪১৫২

পর্ব-২০: শিকার ও যাবাহ প্রসঙ্গে (حتاب الصيد والذبائح)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় অনুচ্ছেদ - 'আক্বীকার বর্ণনা

### আরবী

عَن أُمِّ كُرْزٍ قَالَتْ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «أَقِرُّوا الطَّيْرَ عَلَى مَكِنَاتِهَا» . قَالَتْ: وَسَمِعْتُهُ يَقُولُ: «عَنِ الْغُلَامِ شَاتَانِ وَعَنِ الْجَارِيَةِ شَاةٌ وَلَا يَضُرُّكُمْ ذُكْرَانًا كُنَّ أَوْ إِنَاتًا» . رَوَاهُ أَبُو دَاؤُد وللترمذي وَالنَّسَائِيِّ من قَوْله: يَقُول: «عَن الْغُلَام» إِلَّا آخِره وَقَالَ التِّرْمِذِيِّ: هَذَا صَحِيح

#### বাংলা

8১৫২-[8] উম্মু কুর্য (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, তিনি বলেছেনঃ তোমরা পাখিকে তার বাসায় অবস্থান করতে দাও। উম্মু কুর্য বলেন, আমি তাঁকে এমনও বলতে শুনেছি যে, ছেলের পক্ষ হতে দু'টি বকরী এবং মেয়ের পক্ষ হতে একটি বকরী দিতে হয় এবং সেগুলো ছাগ বা ছাগী হওয়ার মধ্যে কোন দোষ নেই। (আবূ দাউদ, তিরমিযী)[1]

আর নাসায়ী ''ছেলের পক্ষ থেকে দু'টি ছাগল''- এ শব্দাবলীতে হাদীসটি বর্ণনা করেছেন এবং তিরমিয়ী হাদীসটি সহীহ বলেছেন।

## ফুটনোট

[1] সহীহ: নাসায়ী ৪২১৮, তিরমিয়ী ১৫১৬, আবূ দাউদ ২৮৩৫, সহীহুল জামি' ৭৫৫৫, সিলসিলাতুস্ সহীহাহ্ ২৭২০, আল মা'রিফাতুস্ সুনান ওয়াল আসার ৫৮৯৫, মুসান্নাফ ইবনু আবী শায়রাহ্ ৩৬৩০৪, আহমাদ ২৭৩৭৩, সহীহ ইবনু হিব্বান ৫৩১২, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ২০৯১৪।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ জাহিলী জামানার কোন লোক যখন কোন প্রয়োজনে বাহিরে যাওয়ার ইচ্ছা করত তখন পাখির কাছে যেয়ে তাকে তাড়িয়ে দিত, যদি পাখিটি ডানদিকে উড়ে যেত তাহলে ব্যক্তি তার প্রয়োজনে বেড়িয়ে পরতো, আর যদি



পাখিটি বাম দিকে উড়াল দিত তাহলে সে বাড়ীতে ফিরে যেত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এটা নিষেধ করে বলেছেন, তোমরা তাকে তাড়িয়ে দিও না তাকে তার নিজ স্থানে থাকতে দাও। কারণ পাখি কোন ক্ষতি কিংবা উপকার কিছুই করতে পারে না। ('আওনুল মা'বূদ ৫ম খন্ড, হাঃ ২৮৩২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ উম্মু কুর্য (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন